

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৯/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(রেশমা আক্তার)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলাঅফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান..... ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

পল্লী উন্নয়ন ও পল্লী উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব রেশমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ : ২১/০৯/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও পল্লী উন্নয়ন ও পল্লী উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব কে গফরগাঁও উপজেলায় পল্লী উন্নয়ন ও পল্লী উন্নয়ন বিষয়ক আর্থ-সামাজিক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিস্তারিত আলোচনা করার জন্য আহ্বান করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	অদ্যকার সভায় উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান জনাব রেশমা আক্তার এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। ১ নং আলোচ্যসূচীমোতাবেক বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়। অতঃপর তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গফরগাঁও সভায় জানান যে, সেচ সম্প্রসারণ কর্মসূচির আওতায় ৭টি গভীর নলকূপ সংস্কার/মেরামত কাজ সম্পন্ন হয়েছে এবং মাঠ পর্যায়ে বিআরডিবি'র আওতায় বিদ্যুৎ চালিত ৭২টি গভীর নলকূপ ও ডিজেল চালিত ২০টিসহ মোট ৯২টি গভীর নলকূপ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি উপজেলা পরিষদের অর্থায়নের গভীর নলকূপের সেচনালা তৈরি করার জন্য সভায় প্রস্তাব করেন। তাঁর দপ্তরের বাস্তবায়নধীন কর্মসূচি ও প্রকল্প সমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন এবং উপজেলা পরিষদ হতে বিআরডিবি'র হলকুমটি সংস্কার/মেরামত করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।	১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে। ২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। ৩। ডিফুক পুনর্বাণন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেশমা আক্তার)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।
তারিখঃ ২১/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং-উপঃ পঃ/গ.ম/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।


উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।